তুমি তোমার পূর্বের ভালোকাজের সাথেই ইসলাম গ্রহণ করেছ।”

হাকীম ইবনু হিযাম রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেছেন: আমি জিজ্ঞাসা করলাম: হে আল্লাহর রাসূল, আমি জাহিলী যুগে যেসব ভালোকাজ করতাম, যেমন: দান-সদকা, দাস আযাদ,
রক্তের সম্পর্ক বজায় রাখা ইত্যাদিতে আমার কোন সওয়াব হবে কি? তখন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: “তুমি তোমার পূর্বের ভালোকাজের সাথেই ইসলাম গ্রহণ
করেছ।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, কোন কাফির ব্যক্তি যদি ইসলাম গ্রহণ করে, তবে ইসলাম গ্রহণের পূর্বে জাহিলী যুগে করা তার নেক আমলসমূহ যেমন: সদকা, দাস মুক্ত করা অথবা রক্তের সম্পর্ক বজায় রাখা ইত্যাদির কারণে সে সওয়াব প্রাপ্ত হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/65016